গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

নং ঃ ৮৬/২০২২ তারিখ ঃ ১২/০৪/২০২২ খ্রিঃ।

রংপুর জেলা জজ আদালতের নেজারত বিভাগের অবসরপ্রাপ্ত জারীকারক জনাব মোঃ আব্দুল কাদের-এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে তাহার সার্ভিস বহি, আনুষঙ্গিক কাগজপত্র এবং অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। উক্ত কর্মচারীর ই.এল.পি.সি. মোতাবেক তাহার সর্বশেষ মূল বেতন ১৮,৪৮০/- টাকা (শুধুমাত্র পেনশন নির্ধারণের জন্য) এবং তাহার মোট চাকুরীকাল ২৫(পঁচিশ) বৎসরের উর্দ্ধে হওয়ায় বিধি মোতাবেক তিনি মূল বেতনের ৯০% এর অর্ধাংশ পেনশন হিসাবে এবং বাকী অর্ধাংশ আনুতোষিক হিসাবে পাইতে অধিকারী।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ শাখা এর গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক তাহার ১৮,৪৮০/- (আঠার হাজার চারশত আশি) টাকা মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাঁড়ায় ১৬,৬৩২/-টাকা। তাহাকে উক্ত মোট অবসর ভাতার অর্ধাংশ ৮,৩১৬/- টাকা এর প্রতি ১/- টাকার বিনিময়ে ২৩০/-টাকা হারে আনুতোষিক হিসাবে (৮,৩১৬X২৩০)=১৯,১২,৬৮০/- (উনিশ লক্ষ বার হাজার ছয়শত আশি) টাকা এবং বাকী অর্ধাংশ মাসিক অবসর ভাতা হিসাবে ৮,৩১৬/- (আট হাজার তিনশত ষোল) টাকা মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(মোঃ জুলফিকার উল্লাহ)
ভারপ্রাপ্ত জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং- ১৭১ (০৭)/২০২২ তারিখ ঃ ১২/০৪/২০২২ খ্রিঃ।

১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
২। বিচারক, (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর। (ছবি সংযুক্ত পূরণকৃত পেনশন পেপার ০১টি, চাকুরী খতিয়ান বহি ০১টি এবং আনুষঙ্গিক কাগজপত্র ১১ ফর্দ।
৪। জনাব মোঃ আব্দুল কাদের, জারীকারক (অবসরপ্রাপ্ত), নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৫। আদেশ বহি/অফিস ফাইল।

১২/৪/২২
(মোঃ জুলফিকার উল্লাহ)
ভারপ্রাপ্ত জেলা ও দায়রা জজ
রংপুর।